# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৬৫৩

৯/ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ১০. শত্রুর অপেক্ষায় ওৎ পেতে থাকা।

## باب فِي الْكُمَنَاءِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ النُّفَيْلِيُّ، حَدَّثَنَا زُهَيْرٌ، حَدَّثَنَا أَبُو إِسْحَاقَ، سَمِعْتُ الْبَرَاءَ، يُحَدِّثُ قَالَ جَعَلَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم عَلَى الرُّمَاةِ يَوْمَ أُحُدٍ ـ وَكَانُوا خَمْسِينَ رَجُلاً ـ عَبْدَ اللَّهِ بْنَ جُبَيْرٍ وَقَالَ " إِنْ رَأَيْتُمُونَا تَخَطَّفُنَا الطَّيْرُ فَلاَ تَبْرَحُوا مِنْ مَكَانِكُمْ هَذَا حَتَّى أُرْسِلَ إِلَيْكُمْ وَإِنْ رَأَيْتُمُونَا هَزَمْنَا الْقَوْمَ وَأَوْطَأْنَاهُمْ فَلاَ تَبْرَحُوا حَتَّى أُرْسِلَ إِلَيْكُمْ " . قَالَ فَهَزَمَهُمُ اللَّهُ . قَالَ فَأَنَا وَاللَّهِ رَأَيْتُ النِّسَاءَ يَشْتَدِدْنَ عَلَى الْجَبَلِ فَقَالَ أَصْحَابُ عَبْدِ اللَّهِ بْنِ جُبَيْرٍ الْغَنِيمَةَ أَىْ قَوْمِ الْغَنِيمَةَ ظَهَرَ أَصْحَابُكُمْ فَمَا تَنْتَظِرُونَ فَقَالَ عَبْدُ اللَّهِ بْنُ جُبَيْرٍ أَنَسِيتُمْ مَا قَالَ لَكُمْ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم فَقَالُوا وَاللَّهِ لَنَأْتِيَنَّ النَّاسَ فَلَنُصِيبَنَّ مِنَ الْغَنِيمَةِ فَأَتَوْهُمْ فَصُرِفَتْ وُجُوهُهُمْ وَأَقْبَلُوا مُنْهَزِمِينَ .

বাংলা

২৬৫৩. ’আবদুল্লাহ্ ইবন মুহাম্মদ নুফায়লী (রহঃ) ..... বারা’আ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ উহুদের যুদ্ধে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ’আবদুল্লাহ্ ইবন জুবাইর (রাঃ)-কে পঞ্চাশজন তীরন্দাযের নেতা নির্বাচিত করেন এবং বলেন, যদি তোমরা দেখ যে, পাখী আমাদের দেহের মাংস ছিঁড়ে খাচ্ছে (অর্থাৎ আমরা মারা গেছি) তবুও তোমরা তোমাদের এ অবস্থান পরিত্যাগ করবে না, যতক্ষণ না তোমাদের ডেকে নেওয়া হয়। আর যদি তোমরা দেখ যে, আমরা শত্রুপক্ষকে পর্যুদস্ত করে ফেলেছি, তবু তোমরা তোমাদের এ অবস্থান পরিত্যাগ করবে না, যতক্ষণ না তোমাদের ডেকে নেওয়া হয়।

রাবী বলেনঃ এরপর আল্লাহ্ তাদের পর্যুদস্ত করেন। তিনি বলেন, আল্লাহর শপথ! এ সময় আমি কাফির রমণীদের পাহাড়ে চড়তে দেখেছি (প্রাণ রক্ষার জন্য)।

তখন ’আবদুল্লাহ্ ইবন জুবায়র (রাঃ) এর সাথীরা বলেনঃ হে লোক সকল, গণীমতের মাল সংগ্রহ কর, তোমাদের সাথীরা যুদ্ধে বিজয়ী হয়েছে। তোমরা এখন কিসের জন্য অপেক্ষা করছ? তখন আবদুল্লাহ্ ইবন জুবায়র (রাঃ)

বলেনঃ তোমরা কি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নির্দেশ ভুলে গিয়েছ? তারা বললঃ আল্লাহর শপথ! আমরা তো মানুষের কাছে যাব এবং গণীমতের মাল সংগ্রহ করব। তারা চলে যায়, ফলে, (আল্লাহ্) তাদের মুখও ফিরিয়ে দেন এবং তারা পরাজয় বরণ করে।

## English

Al bara' bin Azib said "On the day of the battle of Uhud the Apostle of Allaah(ﷺ) appointed 'Abd Allaah bin Jubair commander of the archers who were fifty(in number). He said "If you see that the birds are snatching at us, do not move from this place of yours until I send for you and if you see that we defeated the people (the enemy) and trod them down, do not move until I send for you. Allaah then defeated them. He (narrator) said "I swear by Allaah, I saw women ascending the mountain. The companions of 'Abd Allaah bin Jubair said "Booty, O People, booty! Your companions vanquished, for what are you waiting?" 'Ad Allaah bin Jubair said "Have you forgotten what the Apostle of Allaah(ﷺ) had told you?" They said "We swear by Allaah. We shall come to the people and get the booty. So they came to them. Their faces were turned and they came defeated."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=34761

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন